# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৪২০ তারিখ- ০৮/০৮/২০১৯

**সভার নোটিশ**

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ২০/০৮/২০১৯ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

২। অনুমোদিত ০৭ (সাত)টি বস্তিতে ভৌত কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।

৩। ফ্রি-ল্যান্সিং/ আউট সোসিং বিষয়ক প্রশিক্ষন প্রদান বিষয়ে।

৪। PRAP বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

৫। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

..............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ২০/০৮/২০১৯খ্রিঃ। |
| রোজ | ঃ মঙ্গলবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ- গত ১৬/০৭/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ- গত ১৬/০৭/২০১৯ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। অনুমোদিত ০৭ (সাত)টি বস্তিতে ভৌত কাজের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয় চলমান বস্তি উন্নয়ন কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভায় তথ্য উপস্থাপনের জন্য এ কমিটির সদস্য সচিব ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা কে অনুরোধ করলে, মোঃ হাসানুজ্জমান, বস্তি উন্নয়ন কর্মকর্তা ০৭ টি বস্তির সর্বশেষ কাজের অগ্রগতি তুলে ধরেন।

তাঁতীপাড়া বস্তিতে ২ টি ডবল টয়লেট, ১৭ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ১৭ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এর মধ্যে ১৪ টি টয়লেটের গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে এবং ০৩টি টয়লেটের লং কলাম পর্যন্ত হয়েছে । এছাড়া প্রায় ২০০ মিটার ড্রেন নির্মাণ হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২২% কাজ সম্পন্ন হয়েছে।

রইচপাড়া মুহিত পুকুরপাড় বস্তিতে ১০ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৮ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৮ টি টয়লেটের মধ্যে ০৮ টির গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে । আর ০২ টি টয়লেটের লং কলাম ও ওয়াল গাথুনী পর্যন্ত নির্মিত হয়েছে। এছাড়া প্রায় ১৫ মিটার ড্রেন নির্মাণ হয়েছে এবং ১৬৩ মিটার ফুটপাতের গাইড ওয়ালসহ বালু ফিলিং করা হয়েছে ও ৩০ মিটার ফুটপাতের নির্মাণ কাজ শেষ হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২৫% কাজ সম্পন্ন হয়েছে।

যমুনা বাঁধপাড়া বস্তিতে ১৬ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ১০ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ১০ টি টয়লেটের গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে ও ৫টি সেপটিক ট্যাংক অল্প কিছু কাজ বাকী রয়েছে। ৪০০ মিটার ফুটপাতের গাইড ওয়াল হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২২% কাজ সম্পন্ন হয়েছে।

তাজুর মোড় বস্তিতে ০১টি ডবল টয়লেট, ১৩ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৯ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৯ টি টয়লেটের গাথুনী সহ ছাদ নির্মিত হয়েছে। ৬৭ মিটার ফুটপাতের গাইড ওয়ালসহ বালু ফিলিং করা হয়েছে ও ১৬০ মিটার ফুটপাত নির্মিত হয়েয়ে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২৫% কাজ সম্পন্ন হয়েছে।

বিশ্বাসপাড়া রেল কলোনী বস্তিতে ০৩ টি ডবল টয়লেট, ১০ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৯ টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ১০ টি টয়লেটের মধ্যে ০৯ টির গাথুনী সহ ছাদ নির্মাণ হয়েছে । এছাড়া প্রায় ৭৭ মিটার ড্রেন নির্মাণ হয়েছে এবং ১৯৭ মিটার ফুটপাত নির্মিত হয়েছে। সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২৫% কাজ সম্পন্ন হয়েছে।

চিনিকল হরিজন কলোনী বস্তিতে ০৬ টি ডবল টয়লেট, ০২ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০৪টি ডবল টয়লেটের কাজ চলমান আছে। এই ০৪টি ডবল টয়লেটের মধ্যে ০৪ টির গাথুনী সহ ছাদ ও সেপটিক ট্যাংকি নির্মিত হয়েছে এবং ০১টি সিঙ্গেল টয়লেটের গাথুনীসহ ছাদ নির্মাণ হয়েছে । ৬০ মিটার ফুটপাত নির্মিত হয়েছে । সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ২৫% কাজ সম্পন্ন হয়েছে।

বঙ্গবন্ধুপাড়া বস্তিতে ১১ টি সিঙ্গেল টয়লেটের মধ্যে ১০টি সিঙ্গেল টয়লেটের কাজ চলমান আছে। এই ৫টি সিঙ্গেল টয়লেটের গাথুনীসহ ছাদ ও ৫টির লং কলাম নির্মাণ হয়েছে । সে হিসেবে ইঞ্জিনিয়ারের তথ্য অনুযায়ী এই প্রায় ১৮% কাজ সম্পন্ন হয়েছে।

**সিদ্ধান্ত ঃ-** বস্তি উন্নয়ন এর ভৌত কাজ সমূহ মানসম্মতভাবে বাস্তবায়নের জন্য এ কমিটির সদস্য ও সংশিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গণ নিয়মিত পরিদর্শন করবেন এবং প্রতিটি বস্তিতে রক্ষিত পরিদর্শন রেজিষ্টারে মতামত লেখবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন কর হলো।

**৩ নং আলোচ্য সূচী। ফ্রি-ল্যান্সিং/ আউট সোসিং বিষয়ক প্রশিক্ষন প্রদান বিষয়ে।**

**আলোচনাঃ-** আলোচ্য বিষয়ে সভাপতির অনুমতি নিয়ে এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা বলেন, মেয়র মহোদয় সিদ্ধান্ত গ্রহন করেছেন, পৌরসভার স্থায়ী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রে ফ্রি-ল্যান্সিং/ আউট সোসিং প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে বেকার নারী-পুরুষদের আয়ের ব্যবস্থা করা। এর পূর্বে পৌরসভায় নিয়োজিত কর্মচারীদের মধ্যে যাদের কম্পিউটার বিষয়ে মোটামুটি জ্ঞান আছে তাদের ভাল মানের প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ দিয়ে আউট সোসিং বিষয়ে ধারনা লাভ করে, কর্মচারীদের মধ্যে থেকে প্রশিক্ষক তৈরী করে পরবর্তীতে পর্যায়ক্রমে পৌর এলাকার আউট সোসিং বিষয়ে আগ্রহীদের প্রশিক্ষনের ব্যবস্থা করা।

**সিদ্ধান্ত ঃ** পৌরসভার কর্মচারীদের আউট সোসিং বিষয়ে প্রশিক্ষন দেওয়ার জন্য সচিব(ভাঃ) সাথে আলোচনা করে,প্রশিক্ষণার্থী নির্বাচন করে অফিস আদেশ করার সিদ্ধান্ত গ্রহন করেন।

**আলোচ্য সূচী-৩। PRAP বাস্তবায়নের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।**

**আলোচনাঃ-** সভাপতি মহোদয়ের অনুমতি সাপেক্ষে উক্ত কমিটির সদস্য সচিব সভায় অবগত করেন যে, গত মাসের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কমিটির সকল সদস্য, এলসিডিএ(সিএম) এর সমন্বয়ে PRAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার রাজস্ব বাজেটে ৪২,১৮,২৪৫/- PRAP এর জন্য বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দকৃত টাকাকে ত্রৈমাসিক ভিত্তিতে ব্যয়ের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরের জন্য একটি বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। যা নিম্নরূপ ঃ

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্ম-পরিকল্পনা (PRAP) জুলাই ২০১৯ - জুন ২০২০ ইং

পৌরসভার নাম ঃ জয়পুরহাট পৌরসভা, জেলা ঃ জয়পুরহাট।

তারিখ ঃ ২৫/০৭/২০১৯ ইং

| ক্র: নং | কর্মতৎপরতা | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | বাস্তবায়ন কাল | বাজেট | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই-সেপ্টেম্বর | | অক্টোবর ডিসেম্বর | | জানুয়ারী-মার্চ | | এপ্রিল-জুন | | | |
| ১ | নির্ধারিত কার্য পরিধি অনুযায়ী দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি পরিচালনা | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | √ | ৩,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ২ | PG & SIC কমিটি পরিচালনা | √ | ২০,০০০/- | √ | ১০,০০০/- | √ | ১০,০০০/- | √ | ১০,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৩ | কর্ম সংস্থান মূলক প্রশিক্ষণ (কম্পিউটার, ইলেট্রিক্যাল, নির্মাণ শ্রমিক, মাছ চাষ, গরু-ছাগল পালন, বাঁশ-বেতের চাটাই তৈরী, বসত বাড়ীতে সবজি চাষ, সেলাই প্রশিক্ষণ ও শপিং ব্যাগ তৈরী) | √ | ১,৫০,০০০/- | √ | ১,৫০,০০০/- | √ | ১,৫০,০০০/- | √ | ১,০০,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৪ | দরিদ্রদের জন্য আবাসন/গৃহ/হর্কাস মার্কেট নির্মাণ | - | - | - | - | - | - | √ | ৮,৮৬,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৫ | বস্তি ও বস্তি বহির্ভূত দরিদ্র এলাকায় রাস্তা, ড্রেন, ফুটপাত, টয়লেট, টিউবওয়েল, পৌরসভা কর্তৃক পানি সরবরাহের লাইন ও ষ্ট্রিট লাইট নির্মাণ | √ | ১,০০,০০০/- | √ | ১,০০,০০০/- | √ | ১,৫০,০০০/- | √ | ৭,৫০,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৬ | অসহায় ও দুঃস্থ পুরুষদের স্বাস্থ্যসেবা প্রদান | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | দরিদ্র পরিবারের ছেলেদের মাঝে বিনামূল্যে বই/শিক্ষা সামগ্রী বিতরণ | √ | ৫০,০০০/- | - | ৫০,০০০/- | - | ১,০০,০০০/- | √ | ১,০০,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৮ | দরিদ্র কর্মজীবী পুরুষদের মাঝে বাই-সাইকেল/রিক্সা,ভ্যান সহায়তা | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ৫০,০০০/- | √ | ১,০০,০০০/- | মেয়র, সচিব, দরিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ৯ | অসহায় ও দুস্থ পুরুষদের শীতবস্ত্র/ বস্ত্র বিতরন | - | - | - | - | √ | ২,০০,০০০/- | - | - | মেয়র, সচিব, দরিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ১০ | অসহায় ও দুস্থ পুরুষদের মাঝে নগদ টাকা সাহায্য প্রদান | √ | ১,৫০,০০০/- | √ | ১,৫০,০০০/- | √ | ১,৫০,০০০/- | √ | ২,০০,২৪৫/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| ১১ | PRAP বাস্তবায়ন বিষয়ক মনিটরিং ও রিপোর্টিং | √ | ৫,০০০/- | √ | ৫,০০০/- | √ | ৫,০০০/- | | ৫,০০০/- | মেয়র, সচিব, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| মোট বাজেট জুলাই-সেপ্টেম্বর কোয়ার্টার | | | ৫,৭৮,০০০/- | | | | | | | | |
| মোট বাজেট অক্টোবর-ডিসেম্বর কোয়ার্টার | | | | | ৫,৬৮,০০০/- | | | | | | |
| মোট বাজেট জানুয়ারী-মার্চ কোয়ার্টার | | | | | | | ৮,৬৮,০০০/- | | | | |
| মোট বাজেট এপ্রিল-জুন কোয়ার্টার | | | | | | | | | ২২,০৪,২৪৫/- | | |
| সর্বমোট বাজেট জুলাই ২০১৯-জুন ২০২০ | | | | | ৪২,১৮,২৪৫/- (বিয়াল্লিশ লক্ষ আঠার হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা মাত্র। | | | | | | |

**সিদ্ধান্তঃ-** ২০১৯-২০ অর্থ বছরে PRAP বাস্তবায়নের জন্য প্রণয়নকৃত ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা কোনরূপ সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং উক্ত কর্মপরিকল্পনা মোতবেক দারিদ্র নিরসনের লক্ষ্যে ব্যয় করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৯২১

তারিখ- ২০/০৮/২০২০ইং

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ........................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২০/০৮/২০১৯ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |